

# এমবিবিএস-বিডিএস ভর্তি পরীক্ষা শুক্রবার, সময় বেড়েছে ১৫ মিনিট



পরীক্ষা দিচ্ছেন শিক্ষার্থীরা। ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৯ ডিসেম্বর ২০২৫ | ১৫:৫৪



২০২৫-২৬ শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা আগামী শুক্রবার সকাল ১০টায় দেশের ১৭টি কেন্দ্র ও ৪৯টি ভেন্যুতে একযোগে অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের সকাল ৮টা থেকে ৯টা ৩০ মিনিটের মধ্যে কেন্দ্রের ভেতরে প্রবেশ করতে হবে। সকাল ৯টা ৩০ মিনিটের পর কেন্দ্রের প্রধান ফটক বন্ধ করে দেওয়া হবে।

মঙ্গলবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, পরীক্ষার্থীরা স্বচ্ছ ব্যাগে রঙিন প্রবেশপত্র, কালো কালি বলপয়েন্ট কলম এবং এইচএসসি/সমমানের প্রবেশপত্র বা রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষাকক্ষে ঢুকতে পারবেন। মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটরসহ যেকোনো ইলেকট্রনিক ডিভাইস এবং স্বচ্ছ ব্যাগ ছাড়া অন্য কোনো ব্যাগ আনতে সরাসরি নিষেধাজ্ঞা রয়েছে।

এ বছর পরীক্ষার সময় ১৫ মিনিট বাড়িয়ে মোট ১ ঘণ্টা ১৫ মিনিট করা হয়েছে। ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষায় বিষয়ভিত্তিক নম্বর বণ্টন-জীববিজ্ঞান ৩০, রসায়ন ২৫, পদার্থবিজ্ঞান ১৫, ইংরেজি ১৫ এবং সাধারণ জ্ঞান-প্রবণতা-মানবিক গুণাবলি ১৫। প্রতিটি সঠিক উত্তরে ১ নম্বর এবং ভুল উত্তরে ০.২৫ নম্বর কাটা হবে। উত্তীর্ণ হওয়ার জন্য ন্যূনতম নম্বর ৪০।

২০২৫-২৬ শিক্ষাবর্ষে সরকারি মেডিকেল কলেজগুলোতে মোট ৫,৬৪৫ আসন রয়েছে-এমবিবিএস ৫ হাজার ১০০ এবং বিডিএস ৫৪৫। বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজগুলোতে আসন ৭ হাজার ৪০৬-এমবিবিএস ৬ হাজার ১ এবং বিডিএস ১ হাজার ৪০৫। সব মিলিয়ে এমবিবিএস কোর্সে ১১ হাজার ১০১ এবং বিডিএস কোর্সে ১ হাজার ৯৫০-মোট ১৩ হাজার ৫১ আসন।

এ বছর ভর্তি পরীক্ষায় অংশ নিতে আবেদন করেছেন ১ লাখ ২২ হাজার ৬৩২ জন-এর মধ্যে ছেলে ৪৯ হাজার ২৮ জন এবং মেয়ে ৭৩ হাজার ৬০৪ জন ছেলে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ভর্তি পরীক্ষা ঘিরে প্রশ্নফাঁস সংক্রান্ত গুজবে বিভ্রান্ত না হওয়ার আহ্বান জানিয়েছে। মন্ত্রণালয় জানিয়েছে, এমবিবিএস-বিডিএস ভর্তি পরীক্ষায় প্রশ্নফাঁসের কোনো সুযোগ নেই।